# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৮৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি খুতবা দেওয়ার সময় কথা বলে, তা জুমু‘আয় উপস্থিত হওয়া নাকচ করা প্রসঙ্গে

## ذِكْرُ نَفْيِ حُضُورِ الْجُمُعَةِ عَمَّنْ حَضَرَهَا إِذَا لَغَا عِنْدَ الْخُطْبَةِ

আরবী

2783 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو الرَّبِيعِ الزَّهْرَانِيُّ وَعَبْدُ الْأَعْلَى بْنُ حَمَّادٍ قَالَا: حَدَّثَنَا يَعْقُوبُ الْقُمِّيُّ عَنْ عِيسَى بْنُ جَارِيَةَ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: دَخَلَ عَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ الْمَسْجِدَ وَالنَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ فَجَلَسَ إِلَى جَنْبِ أُبَيِّ بْنِ كَعْبٍ فَسَأَلَهُ عَنْ شَيْءٍ أَوْ كَلَّمَهُ عَنْ شَيْءٍ فَلَمْ يَرُدَّ عَلَيْهِ فَظَنَّ ابْنُ مَسْعُود أَنَّهَا مَوْجِدَةٌ فَلَمَّا انْفَتَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ صَلَاتِهِ قَالَ ابْنُ مَسْعُودٍ: يَا أُبِي مَا مَنَعَكَ أَنْ تَرُدَّ عَلَيَّ؟ قَالَ: إِنَّكَ لَمْ تَحْضُرْ مَعَنَا الْجُمُعَةَ قَالَ: بِمَ؟ قَالَ: تكلَّمت وَالنَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ فَقَامَ ابْنُ مَسْعُودٍ فَدَخَلَ عَلَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم فذكر ذَلِكَ لَهُ فَقَالَ لَهُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صَدَقَ أُبِيُّ أَطِعْ أُبيًّا)

هذا لفظ عبد الأعلى

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2783 | خلاصة حكم المحدث:. حسن صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 257 و 258)، ((الصحيحة)) (2251).

বাংলা

২৭৮৩. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খুতবা দিচ্ছিলেন, এমন সময় আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু মাসজিদে প্রবেশ করেন এবং উবাই বিন কা‘ব রাদ্বিয়াল্লাহু আনহুর পাশে বসেন। অতঃপর তিনি তাকে কোন কিছু সম্পর্কে জিজ্ঞেস করেন –অথবা কোন কিছু সম্পর্কে কথা বলেন-, কিন্তু উবাই রাদ্বিয়াল্লাহু আনহু কোন জবাব দেননি। ফলে আব্দুল্লাহ বিন মাস‘ঊদ

রাদ্বিয়াল্লাহু আনহু কষ্ট পান। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাম ফেরালে আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “হে উবাই, কোন জিনিস আপনাকে আমার প্রশ্নের জবাব দিতে বারণ করেছে?” উবাই রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “নিশ্চয়ই তুমি আমাদের সাথে জুমু‘আয় উপস্থিত ছিলে না!” তিনি প্রতিউত্তরে বলেন, “কেন?” উবাই রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “কারণ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালামের খুতবা দেওয়ার সময় কথা বলেছো!”

অতঃপর আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু উঠে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে যান এবং ব্যাপারটি তাঁর কাছে আলোচনা করেন। তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “উবাই সত্য বলেছে। তুমি উবাইকে অনুসরণ করবে।”[1]

হাদীসের শব্দগুলো আব্দুল আ‘লা রহিমাহুল্লাহর।

## ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ১৭৯৯; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ২/১৮৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহাহ: ২২৫১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92113

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন